MAR. 25 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষে আহত ২০

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** নবনির্মিত বঙ্গবন্ধু হলের বিশেষ কোটায় ছাত্রলীগ নেতাদের সীট বরাদ্দের ঘটনা নিয়া গতকাল শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ (বা-অ) এবং ছাত্রদলের সংঘর্ষে অন্তত ২০ জন আহত হইয়াছে। কর্তৃপক্ষ উদ্ভূত পরিস্থিতিতে বিতর্কিত সীট বরাদ্দের ঘোষণা স্থগিত করিয়াছে।

বেলা ১১ টার দিকে ছাত্রদল কর্মীরা জঙ্গী মিছিল বাহির করে। বিকালে পুলিশ ক্যাম্পাস হইতে ছাত্রদল সভাপতি সাইফুল ইসলামকে (১য় পৃষ্ঠায় ৮-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃষ্ঠার পর)

গ্রেফতার করে। ছাত্রলীগ কর্মীরা জাতির জনকের ছবির অবমাননাকারীদের বহিষ্কারের দাবীতে প্রায় একই সময় মিছিল বাহির করে। উভয় মিছিল হইতে আক্রমণাত্মক শ্লোগান দেওয়ার এক পর্যায়ে সংঘর্ষ বাধিয়া যায়। সংঘর্ষের সময় ১০/১৫ রাউন্ড গুলী বর্ষিত হয়। পুলিশ একটি ছোরাসহ ওয়াজেদ আলী এবং আবুল ফজল নামের তিন বহিরাগতকে গ্রেফতার করে। দুপুর ১ টার দিকে ছাত্রদল কর্মীরা ব্যাপক প্রস্তুতি নিয়া অনুষদ ভবনে প্রবেশ করিলে দ্বিতীয় দফা সংঘর্ষ বাধে। প্রায় আধা ঘন্টা ধাওয়া-পাল্টা ধাওয়া ও গুলী বিনিময়ের পর ছাত্রলীগ ক্যাম্পাসের নিয়ন্ত্রণ গ্রহণে সমর্থ হয়। ছাত্রদল আজ রবিবার ক্লাস বর্জনের কর্মসূচী দিয়াছে।

উদ্ভূত পরিস্থিতিতে ভিসি প্রফেসর লুৎফর রহমানের সভাপতিতে উচ্চ পর্যায়ের সভায় বঙ্গবন্ধু হলে বিশেষ কোটার সীট বরাদ্দের সিদ্ধান্ত স্থগিত করা হয়। কর্তৃপক্ষ গত বৃহস্পতিবার বঙ্গবন্ধু হলে ভাংচুরকালে জাতির জনকের ছবির অবমাননার ঘটনা তদন্তের জন্য প্রফেসর আবুল কালাম পাটোয়ারীকে আহ্বায়ক করিয়া ৫ সদস্যের কমিটি গঠন করিয়াছে। কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে ভিসির নিকট রিপোর্ট পেশ করিতে বলা হইয়াছে। ক্যাম্পাস এবং আশপাশের এলাকায় আতঙ্ক বিরাজ করিতেছে। অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হইয়াছে।